



বানী



শিক্ষাই জাতির চালিকা শক্তি। শিক্ষার মাধ্যমে প্রতিফলিত হয় একটি জাতির সামাজিক অর্থনৈতিক ও সাংস্কৃতিক কর্মকাণ্ড। একুশ শতকের বিশ্বায়নের যুগে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রসারিত করে বিশ্বমানের শিক্ষা দেয়াই 'গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার'-এর অন্যতম লক্ষ্য। এ লক্ষ্যের প্রতিফলনে বিশ্বমানের প্রযুক্তি নির্ভর শিক্ষা প্রতিষ্ঠান গড়ার প্রত্যাশায় প্রতিষ্ঠিত হয়েছে 'ফাইয়াজ স্কুল এন্ড কলেজ, রংপুর'।

মনোরম শিক্ষার পরিবেশে, আদর-স্নেহ, ভালোবাসা, সঠিক দিক-নির্দেশনা, আধুনিক তথ্য-প্রযুক্তি ও প্রয়োজনীয় শিক্ষা উপকরণ ব্যবহার করে বিশ্লেষণী চিন্তন-দক্ষতা, সৃজনশীলতা, তথ্য-প্রযুক্তিতে পারদর্শিতা অর্জনের মাধ্যমে শিক্ষার্থীদের মেধার পরিপূর্ণ বিকাশ সাধন, সুনামগরিক ও দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তুলে বিশ্ব সভায় আসীন করতে প্রতিষ্ঠানটির পাঠদান সফল হবে, ইনশাআল্লাহ।

প্রতিষ্ঠানটির লক্ষ্য অর্জনে অত্র প্রতিষ্ঠানের সকল পর্যায়ের কর্মকর্তা, শিক্ষক ও কর্মচারীবৃন্দ দৃঢ় প্রতিজ্ঞ।

'ফাইয়াজ স্কুল এন্ড কলেজ, রংপুর'-এর সম্মানিত প্রতিষ্ঠাতা, প্রধান পৃষ্ঠ-পোষক ও প্রধান উপদেষ্টা, অন্যান্য পৃষ্ঠ পোষক ও উপদেষ্টাবৃন্দ ও প্রতিষ্ঠানটির সাথে প্রত্যক্ষ পরোক্ষভাবে জড়িত সকল শুভাকাঙ্ক্ষীদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে তাদের অব্যাহত সহযোগিতা কামনা করছি।

প্রতিষ্ঠানটির অগ্রযাত্রা সফল হোক।

(আ.স.ম হাবিবুল আলম)

উপাধ্যক্ষ (পরিকল্পনা ও উন্নয়ন)

ফাইয়াজ স্কুল এন্ড কলেজ, রংপুর

প্রাক্তন উপাধ্যক্ষ

দর্শনা বিএন স্কুল এন্ড কলেজ, রংপুর